

৪৬.০২০.০০৪.০১.০০.৯৫৭.২০১৬- ৪৩২৭


তারিখ : ২৪/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৩৫২৯/২০১৬, বাদী জনাব আলী আকবর প্রামানিক, পিতা-মৃত. মোশাররফ হোসেন প্রামানিক, বাড়ি নং-৬৪, ফুদকী পাড়া, সুরেশ পাণ্ডে রোড, গোরামারা, বোয়ালিয়া, রাজশাহী ও অন্যান্য-
বনাম-সরকার ও অন্যান্য।

রাজশাহী সিটি কর্পোরেশনের আওতায় ২০১৬-২০১৭ সালের এসেসমেন্ট নির্ধারিত পৌরকর অবহিতকরন বিষয়ে “দি মিউনিসিপ্যাল কর্পোরেশন ট্যাক্সেশন রুলস-১৯৮৬ এর ২০ ও ২১ ধারার বিধান কে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৫২৯/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দিতাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মেয়র (ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।